হে আল্লাহ! আমি তো একজন মানুষ। সুতরাং আমি কোন মুসলিমকে গাল-মন্দ করলে কিংবা তাকে অভিশাপ করলে অথবা আঘাত করলে তখন তুমি তার জন্য তা পবিত্রতা ও রহমত অর্জনের উপায় বানিয়ে দিও।

আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "হে আল্লাহ! আমি তো একজন মানুষ। সুতরাং আমি কোন
মুসলিমকে গাল-মন্দ করলে কিংবা তাকে অভিশাপ করলে অথবা আঘাত করলে তখন তুমি তার জন্য তা পবিত্রতা ও রহমত অর্জনের উপায় বানিয়ে দিও।" [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দোয়া করেছেন: হে আল্লাহ, আমি শুধু একজন মানুষ, মানুষ যেমন রাগ করে আমি তেমন রাগ করি, যদি আমি কোনো মুমিনকে আঘাত করে থাকি, অথবা তাকে গালি দিয়ে থাকি, অথবা তাকে অভিশাপ দিয়ে থাকি, কিংবা তার বিরুদ্ধে তোমার রহমত থেকে তাড়িত হওয়ার দোয়া করে থাকি, অথবা তাকে শাস্তি বা আঘাত দিয়ে থাকি, তাহলে এটিকে তার জন্য আত্মশুদ্ধি, নৈকট্য, পবিত্রতা, কফফারা এবং রহমত বানিয়ে দিন, যা দিয়ে আপনি তাকে দয়া করবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/65812